বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক জনকণ্ঠ ৪
তারিখ ... 16 APR 1995...
পৃষ্ঠা 12 কলাম 6....

## মেধাবী ছাত্রছাত্রীদের সংবর্ধনা

# দল ব্যক্তি বা গ্রুপ স্বার্থে কোন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করা চলবে না ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া শিক্ষাঙ্গনে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখা এবং শিক্ষা প্রতিষ্ঠানের অনির্ধারিত বন্ধ রোধ করার ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি শনিবার ঢাকায় বলেন, কোন দল, ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থে কোন শিক্ষা প্রতিষ্ঠান এক দিনের জন্যও যাতে বন্ধ না হয়, তা নিশ্চিত করা এখন অপরিহার্য।

প্রধানমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের লেখাপড়া যাতে বিঘ্নিত না হয়, তার জন্য আমি দেশ ও ভবিষ্যত বংশধরদের স্বার্থে ছাত্রছাত্রী, শিক্ষক, অভিভাবক ও রাজনীতিকসহ সবার প্রতি ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাচ্ছি।

প্রধানমন্ত্রী ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত এক সংবর্ধনা সভায় বক্তৃতা করছিলেন। দেশের চারটি শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতায় অনুষ্ঠিত ১৯৯৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ও আলিম পরীক্ষায় মেধা তালিকায় স্থান পাওয়া মেধাবী ছাত্রছাত্রীদের জন্য এই সংবর্ধনার আয়োজন করা হয়। খবর ইউএনবি'র।

প্রধানমন্ত্রী খালেদা জিয়া এই অনুষ্ঠানে ৩২৫ জন ছাত্রছাত্রীকে সার্টিফিকেট প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার। শিক্ষা সচিব এরশাদুল হকও অনুষ্ঠানে বক্তৃতা করেন। মন্ত্রী, এমপি, শিক্ষক, অভিভাবক এবং পদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তারা অনুষ্ঠানে যোগ দেন।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে উল্লেখ করেন, শিক্ষাঙ্গনে শিক্ষার অনুকূল পরিবেশ নিশ্চিত করার জন্য সরকার প্রয়োজনীয় সব ব্যবস্থাই গ্রহণ করেছে। তিনি দুঃখ করে বলেন, কিন্তু সামাজিক উন্নয়নে ঈর্ষান্বিত হয়ে একটি কায়েমী স্বার্থবাদী গোষ্ঠী রাজনৈতিক স্বার্থসিদ্ধির জন্য পরিবেশ বিঘ্নিত করে যাচ্ছে।

বেগম জিয়া উল্লেখ করেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকলে, পরীক্ষা স্থগিত রাখা হলে, শিক্ষার পরিবেশ বিঘ্নিত হলে কারও লাভ হয় না বরং তাতে ছাত্রছাত্রীদেরই ক্ষতি হয়। আর এর পরিণতিতে ক্ষতিগ্রস্ত হয় গোটা জাতি।

আগামী ২১ শতাব্দীতে বিশ্বে তীব্র প্রতিযোগিতা হবে বলে উল্লেখ করে তিনি বলেন, সেই চ্যালেঞ্জ মোকাবিলার জন্য আমাদের প্রস্তুতি নিতে হবে, জ্ঞানার্জনের প্রয়াস জোরদার করতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, উন্নত বিশ্বে যে জ্ঞান শত বছরে অর্জন করেছে, অনেক কম সময়ের মধ্যে আমাদের সেই জ্ঞান অর্জন করতে হবে। আর তাই মেধাবী ছাত্রছাত্রীরাই হচ্ছে আমাদের আশা-ভরসা।